

### ফের পরীক্ষা নেয়ার দাবিতে চট্টগ্রামে অবরোধ

মেডিক্যাল প্রশ্ন ফাঁসের অভিযোগ

■ চট্টগ্রাম অফিস

ফাঁস হওয়া প্রসঙ্গে ২০১৫-১৬  
শিক্ষাবর্ষের এমবিবিএস-বিডিএস ভর্তি  
পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে উল্লেখ করে  
ভর্তি পরীক্ষার ফল বাতিল করে  
পুনরায় পরীক্ষা নেয়ার দাবিতে চট্টগ্রাম  
নগরের চকবাজার মোড়ে সড়ক  
অবরোধ করেছে মেডিক্যালে ভর্তিচ্ছ  
শিক্ষার্থীরা।

গতকাল মঙ্গলবার চকবাজার  
গুলজার মোড়ে অবস্থান নেয় পাঁচ  
শতাধিক শিক্ষার্থী। এ সময় বিভিন্ন  
প্র্যাকার্ড-ফেস্টন নিয়ে প্রোগান দিতে  
থাকে তারা।

এদিকে শিক্ষার্থীদের সড়ক  
অবরোধ কর্মসূচির কারণে চকবাজার  
সড়কে যানজটের সৃষ্টি হয়। এর আগে  
সকাল ১১টায় চট্টগ্রাম প্রেসক্লাব চত্বরে  
স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ ও পুনরায় পরীক্ষা  
নেয়ারও দাবিতে মানববন্ধন করে  
শিক্ষার্থীরা।